দৈনিক
ইত্তেফাক

তারিখ 5 FEB 2017
পৃষ্ঠা ৭ কলাম ২

# মির্জাপুরে আন্তঃপ্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

■ মির্জাপুর( টাঙ্গাইল)সংবাদদাতা

জেলায় মির্জাপুরে আন্তঃপ্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়েছে। শনিবার মির্জাপুর উপজেলা সদরের এস কে পাইলট মডেল উচ্চ বিদ্যালয় মাঠে এ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মির্জাপুর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে মির্জাপুর উপজেলার পৌরসভা ও ১৪ ইউনিয়নের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ নেয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টু। উপজেলা নির্বাহী অফিসার ইসরাত সাদমীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মীর এনায়েত হোসেন মন্টু, টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আতাউর রহমান, মির্জাপুর উপজেলা শিক্ষা অফিসার মো. খলিলুর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোজাহিদুল ইসলাম মনির প্রমুখ।